

শিক্ষক নিয়োগে আসছে বড় ধরনের গণবিজ্ঞপ্তি

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:৩৯, ৭ মে ২০২৪; আপডেট: ২০:১৩, ৭ মে ২০২৪



শিক্ষক নিয়োগ। ফাইল ছবি।

শিক্ষক নিয়োগে চলতি বছরই আসতে চলেছে বড় ধরনের গণবিজ্ঞপ্তি। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ৯৬ হাজারের অধিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। চলতি মে মাসেই এ নিয়োগের প্রাথমিক সুপারিশ করা হতে পারে।

UNIBOTS

-11.02

এরপর কতগুলো পদ শূন্য রয়েছে, তা যাচাই করে দ্রুত আরেকটি গণবিজ্ঞপ্তি প্রকাশের কার্যক্রম শুরু করবে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

জানা গেছে, পঞ্চম গণবিজ্ঞপ্তিতে সারাদেশে ৯৬ হাজার ৭৩৬ জন শিক্ষক নিয়োগের উদ্যোগ নিয়েছিল এনটিআরসিএ। আদালতের নির্দেশনা ও নিবন্ধন নীতিমালা অনুযায়ী- এ গণবিজ্ঞপ্তিতে মাত্র ১৬তম ও ১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণরা আবেদনের সুযোগ পাচ্ছেন। ফলে বিপুল সংখ্যক পদ শূন্যই থেকে যাবে।

পঞ্চম গণবিজ্ঞপ্তির নিয়োগ সুপারিশের পর শূন্য পদগুলো পূরণে শিগগির আরেকটি গণবিজ্ঞপ্তি প্রকাশ করতে চায় এনটিআরসিএ। পঞ্চম গণবিজ্ঞপ্তিতে কতগুলো পদ শূন্য থাকে, সে বিষয়টি বিবেচনা করে চলতি বছরই আরেকটি গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হতে পারে।

এ বিষয়ে এনটিআরসিএর সচিব ওবায়দুর রহমান বলেন, ‘পঞ্চম গণবিজ্ঞপ্তিতে অনেক পদ শূন্য থাকবে, সেটা সহজেই অনুমেয়। কতগুলো পদ শূন্য থাকে, তা বিবেচনা করে ষষ্ঠ গণবিজ্ঞপ্তির কার্যক্রম শুরু করা হবে।’

এদিকে, আগামী সপ্তাহে পঞ্চম গণবিজ্ঞপ্তির প্রাথমিক সুপারিশ নিয়ে আলোচনা করতে সভা ডেকেছে এনটিআরসিএ। আগামী সপ্তাহের শেষ দিকে টেলিটকের সঙ্গে সভা করবে সংস্থাটি। এরপর প্রাথমিক সুপারিশের দিনক্ষণ চূড়ান্ত করা হতে পারে।

এম হাসান